



বাংলাদেশ নির্বাচন কমিশন  
জেলা নির্বাচন অফিসারের কার্যালয়  
মিজান রোড, ফেনী

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন-২০২৩

❖ মনোনয়নপত্র গ্রহণের পূর্বে করণীয়:

(ক) প্রত্যেক প্রতিদ্বন্দী প্রার্থীকে মনোনয়নপত্রের সাথে ছবিছাড়া ভোটার তালিকার সিডি নিম্নের ছকের ফি পরিশোধ করে সংগ্রহ করতে হবে।

নির্বাচনী এলাকার নাম ও নম্বর	ইউনিয়ন সংখ্যা	পৌর ওয়াড সংখ্যা	ভোটার তালিকার সিডি ক্রয়ের ফি বাবদ	মন্তব্য
২৬৫ ফেনী-১	১৪	১৮	১৬০০০/-	ভোটার তালিকার সিডি ক্রয়ের জন্য ট্রেজারী চালানে জমা প্রদানের কোডনং-১০৬০১০১১০০১২৫-১৪২৩২৫৩
২৬৬ ফেনী-২	১২	১৮	১৫০০০/-	
২৬৭ ফেনী-৩	১৭	১৮	১৭৫০০/-	

(খ) সিডি ক্রয়ের ট্রেজারী চালানের কপি, প্রার্থীর জাতীয় পরিচয় পত্রের কপি, টিন সার্টিফিকেটের কপি জমা দিয়ে সহকারী রিটার্নিং অফিসার/উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয় থেকে মনোনয়ন ফরম-১ ও ছবিছাড়া ভোটার তালিকার সিডি সংগ্রহ করবেন।

❖ মনোনয়নপত্র জমাদান কালে করণীয় বিষয়:

- (১) দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের জন্য সংসদ সদস্য পদে ফরম-১ অনুসারে মনোনয়নপত্র যথাযথভাবে পূরণ করে দাখিল করতে হবে।
- (২) মনোনয়নপত্র প্রার্থী, প্রস্তাবকারী ও সমর্থনকারী কর্তৃক স্বাক্ষরিত হতে হবে।
- (৩) মনোনয়নপত্রের সাথে প্রার্থীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ০৩ (তিন) কপি রঞ্জিন ছবি জমা দিতে হবে;
- (৪) মনোনয়নপত্রের সাথে জামানত বাবদ অর্থ প্রদানের ব্যাংক ড্রাফট/পে অর্ডার এর কপি প্রদান করতে হবে। জামানত প্রদান সংক্রান্ত তথ্য নিম্নরূপঃ

পদের নাম	জামানত বাবদ	যে মাধ্যমে জামানত প্রদান করবেন	যার নামে জামানত প্রদান করবেন
সংসদ সদস্য	জামানত ২০,০০০/- (বিশ হাজার টাকা)	যে কোন তফসিলী ব্যাংক হতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট	রিটার্নিং অফিসার দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন-২০২৩

- (৫) মনোনয়নপত্র মূল সেট ১টি এবং ফটোকপি সেট ২টি (A4 সাইজের কাগজে) জমা দিতে হবে।
- (৬) মনোনয়নপত্রের সাথে নির্ধারিত ফরমে ন্যূনতম ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্প ১ম শ্রেণীর ম্যাজিস্ট্রেটের মাধ্যমে ০৮ টি তথ্য সম্বলিত হলফনামা সংযুক্ত করতে হবে। হলফনামায় কোন রূপ ঘষা-মাজা করা যাবে না এবং কোন ঘর ফাঁকা রাখা যাবে না;
- (৭) হলফনামার সাথে সর্বোচ্চ শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেটের সত্যায়িত কপি (প্রযোজ্যহলে);
- (৮) নির্বাচনী ব্যয় নির্বাহের জন্য সম্ভাব্য তহবিলের উৎসের বিবরণী (ফরম-২০) এবং সম্পদ ও দায় এবং বাৎসরিক আয় ও ব্যয়ের হিসাব বিবরণী (ফরম-২১) জমা দিতে হবে;
- (৯) নির্বাচনী ব্যয় পরিচালনার জন্য যে কোন তফসিলি ব্যাংকে একটি নতুন (চলতি হিসাব) খুলতে হবে এবং সেই ব্যাংক হিসাব খোলার প্রমাণপত্র (জমা রশিদ) সংযুক্ত করতে হবে। প্রার্থী বা প্রার্থীর নির্বাচনী এজেন্ট এই হিসাবের মাধ্যমে নির্বাচনী ব্যয় পরিচালনা করতে হবে।
- (১০) TIN সার্টিফিকেট এর কপি
- (১১) সর্বশেষ দাখিলকৃত আয়কর রিটার্ন জমাদানের রসিদের ফটোকপি ও আইটি-১০বি (সম্পদের বিবরণী)

- (১২) প্রার্থী, প্রস্তাবকারী ও সমর্থনকারীর জাতীয় পরিচয়পত্রের ফটোকপি ও ভোটার তালিকার যে পৃষ্ঠায় প্রার্থী, প্রস্তাবকারী ও সমর্থনকারীর নাম রয়েছে তার ফটোকপি-তে মার্কার কলম দিয়ে চিহ্নিত করতে হবে।;
- (১৩) ভোটার তালিকার সিডি ক্রয়ের চালানের ফটোকপি
- (১৪) সংসদ সদস্য পদে রাজনৈতিক দলের প্রার্থীর ক্ষেত্রে দলীয় মনোনয়ন এর মূল কপি
- (১৫) স্বতন্ত্রপ্রার্থীর জন্য সংশ্লিষ্ট আসনের মোট ভোটারের ১% ভোটারের সমর্থন সূচক প্রমাণপত্র জমা দিতে হবে। (তবে ইতিপূর্বে সংসদ সদস্য পদে নির্বাচিত হলে তার স্বপক্ষে শুধুমাত্র গেজেট/প্রমাণপত্র দাখিল করতে হবে)।
- (১৬) প্রার্থীর নাম, প্রার্থীর পিতার নাম ও প্রার্থীর মাতার নাম এবং প্রার্থী যদি বিবাহিত মহিলা হয় স্বামীর নাম সাদা কাগজে বাংলায় ও ইংরেজিতে মনোনয়নপত্রের সাথে **CAPITAL LETTER** এ আলাদা সাদা কাগজে নিয়মিত মোতাবেক কম্পিউটারে টাইপ করে সংযুক্ত করতে হবে।

“ছক”

বিবরণ	বাংলায়	ইংরেজীতে	জাতীয় পরিচয়পত্র নম্বর (১০/১৭) ডিজিট ইংরেজীতে	প্রার্থীর স্বাক্ষর
প্রার্থীর নাম				
পিতার নাম				
মাতার নাম				
স্বামীর নাম (বিবাহিত মহিলার ক্ষেত্রে)				

বিঃদ্রঃ - মনোনয়নপত্র অবশ্যই অফিস চলাকালীন সময় সকাল ০৯.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকার মধ্য জমা দিতে হবে।

### নির্বাচনী ব্যয়ের সীমা :

প্রার্থী প্রতি সর্বোচ্চ নির্বাচনী ব্যয় = ২৫,০০,০০০/- (পঁচিশ লক্ষ টাকা)

### নির্বাচনী ব্যয়ের রিটার্ন:

\*\* নির্বাচনী ফলাফল গেজেট প্রকাশিত হওয়ার ৩০ (ত্রিশ) দিনের মধ্যে প্রত্যেক প্রতিদ্বন্দ্বী প্রার্থীকে নির্বাচনী ব্যয়ের রিটার্ন (ফরম-২২)

রিটার্নিং অফিসারের নিকট দাখিল করতে হবে।

(ক) যে ক্ষেত্রে প্রার্থী নিজেই তার নির্বাচনী এজেন্ট সেক্ষেত্রে, ফরম-২২ক-তে;

(খ) নির্বাচনী এজেন্ট নিয়োগের ক্ষেত্রে প্রার্থী কর্তৃক ফরম-২২খ-তে; এবং

(গ) নির্বাচনী এজেন্ট কর্তৃক, ফরম-২২গ-তে